

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০১০.০৮.০০২.১৭-৯৯

তারিখ:- ২১.০৬.২০১৮খ্রি:।

বিষয়: ২০১৮ সালের দাখিল পরীক্ষায় ফল বিপর্যয় বিষয়ে কারণ ব্যাখ্যাসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে মহোদয়ের অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, ইতোমধ্যে ২০১৮ সালের দাখিল পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। প্রকাশিত ফলাফল পর্যালোচনায় দেখা যায় যে, ২০১৮ সালের দাখিল পরীক্ষায় পটুয়াখালী জেলার তালতলী ভরিপাশা ইসমাইলিয়া দাখিল মাদ্রাসা এর ফলাফল নিম্নরূপ-

ক্রমিক নং	পরীক্ষা প্রতিষ্ঠানের নাম	মোট পরীক্ষার্থী	পাশ(জন)	পাশের হার (%)	মন্তব্য
০১	তালতলী ভরিপাশা ইসমাইলিয়া দাখিল মাদ্রাসা, পটুয়াখালী	২১ (বিজ্ঞান বিভাগ ১৩ জন, সাধারণ বিভাগ ০৮ জন)	৪ (বিজ্ঞান বিভাগ ০২ জন, সাধারণ বিভাগ ০২ জন)	১৯.০৪	শিক্ষার্থীর সংখ্যা ও পাশের হার মোটেরই সন্তোষজনক নয়।

মহোদয়ের মাদরাসায় দেখা যায় যে শিক্ষার্থীর সংখ্যা খুবই কম। ২১ জন শিক্ষার্থীর মধ্যে মাত্র ৮ জন পাশ করা হতাশজনক ফলাফল এবং পাশের হার সন্তোষজনক নয়। মাদরাসার শিক্ষকগণ আন্তরিক ও যত্নবান হলে আরো ভাল ফল হওয়ার সুযোগ ছিল। ফলাফল বিপর্যয়ের কারণে শিক্ষার্থী ও অভিভাবকগণের মধ্যে চরম উৎকর্ষা ও হতাশা বিরাজ করছে। এরূপ অনাকাঙ্ক্ষিত ফলাফলের কারন উৎঘাটন করে এ বিষয়ে প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ আবশ্যিক।

০২. বর্তমান সরকার মানসম্পন্ন শিক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে শিক্ষা খাতে প্রতি বছর বিপুল পরিমাণ অর্থ বরাদ্দ দিয়ে যাচ্ছেন এবং ইতোমধ্যে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর মাধ্যমে শিক্ষক ও কর্মচারীগণের বেতন দ্বিগুণেরও বেশী বৃদ্ধি করা হয়েছে।


০৩. মানসম্পন্ন শিক্ষা অর্জনের লক্ষ্যে সরকার কর্তৃক মাদরাসা শিক্ষাসহ সকল শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষক-কর্মচারীদের যথাসাধ্য সুযোগ-সুবিধা নিশ্চিত করা সত্ত্বেও মহোদয়ের শিক্ষা প্রতিষ্ঠান হতে ২০১৮ সালের দাখিল পরীক্ষায় খারাপ (উপরিউক্ত রূপ) ফলাফল করা কোন ভাবেই গ্রহণযোগ্য নয়।

০৪. বর্ণিত অবস্থার প্রেক্ষিতে ২০১৮ সালের দাখিল পরীক্ষায় পরীক্ষায় খারাপ(উপরিউক্ত রূপ) ফলাফল করার কারণব্যাখ্যা সহ নিম্নে বর্ণিত তথ্যাদি প্রয়োজন।
(ক) মাদরাসায় শ্রেণি ভিত্তিক শিক্ষার্থী সংখ্যা কত ?
(খ) ২০১৮ সালের দাখিল পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীর সংখ্যা কম কেন ?
(গ) বিগত তিন বছরে দাখিল পরীক্ষার ফলাফল।
(ঘ) মাদরাসায় শিক্ষক/কর্মচারীর সংখ্যা কত ?
(ঙ) প্রতি বছর শিক্ষক/কর্মচারীদের সরকারি আর্থিক অনুদান /সরকারি বেতন-ভাতাদির পরিমাণ কত ?

০৫. এমতাবস্থায় ২০১৮ সালের দাখিল পরীক্ষায় উপরিউক্ত অসন্তোষজনক ফলাফলের কারণে মহোদয়ের মাদরাসা এবং মাদরাসার শিক্ষকদের বিরুদ্ধে কেন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবেনা এর কারণ ব্যাখ্যাসহ ও উল্লিখিত চাহিত তথ্যাদিসহ একটি প্রতিবেদন আগামি ১০.০৭.২০১৮খ্রি: তারিখের মধ্যে জরুরী ভিত্তিতে এ অধিদপ্তরে প্রেরণ নিশ্চিত করণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

সুপারিনটেনডেন্ট

তালতলী ভরিপাশা ইসমাইলিয়া দাখিল মাদ্রাসা, পটুয়াখালী


২১/০৬/২০১৮

(মোঃ সিদ্দিকুর রহমান তালুকদার)

পরিদর্শক

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ই-মেইল- srt125@gmail.com

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

১. সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুলভবন (৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা।
২. জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তালতলী।
৪. অফিস কপি।